

সপ্তাহে ৩ দিন নাইট ল্যান্ডিং চালু হল অভ্যল বিমানবন্দরে

সৌম্যদীপ ব্যানার্জি। দুর্গাপুর। রাজ্যের বিমান চলাচলের ক্ষেত্রে আরও এক নতুন বিপ্লবের সূচনা। এবার অভ্যল এয়ারপোর্ট থেকে প্রতি সপ্তাহে তিন দিন উড়বে অভ্যল থেকে হায়দরাবাদ বিমান। সপ্তাহে চারদিন অভ্যল থেকে দিল্লি পর্যন্ত এয়ার ইন্ডিয়া বিমান চলাচল অব্যাহত। রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিশেষ উদ্যোগে তারপরে এবার নতুন পালক অভ্যল এর কাজী নজরুল ইসলাম বিমানবন্দরের মুকুটে। বুধবার, শুক্রবার এবং রবিবার মধ্যরাতে উঠানামা করবে অভ্যল-হায়দরাবাদ রুটে এয়ার ইন্ডিয়া নতুন বিমান। অভ্যল বিমান নগরী তৈরি



বন্ধ হয়ে যায়। অভ্যল বিমানবন্দরে এসে নামেন দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি থেকে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা পর্যন্ত। দেশের প্রথম এই বেসরকারি বিমান নগরী গড়ে তোলার মূল কারিগর সিদ্ধাপুরের চান্দী ইন্টারন্যাশনাল এবং এই দেশের বেঙ্গল এয়ারোট্রোপলিশ প্রজেক্ট লিমিটেড বা BAPL। এই দুই সংস্থার হাত ধরেই এই বেসরকারি বিমান নগরীর জন্ম। মোট ১১ টি মৌজার জমিতে এই বিমান নগরী গড়ে উঠেছে। অভ্যল থেকে দিল্লি বিমান চলাচল শুরু হলেও দীর্ঘদিনের চাহিদা ছিল

যাত্রীবাহী বিমানের রাত্রিকালীন অবতরণের জন্য। আগামী ১ ফেব্রুয়ারি থেকেই শুরু হবে অভ্যল হায়দরাবাদ রুটে বিমান পরিষেবা। এরপরে অভ্যল থেকে চালু হতে চলেছে অভ্যল-মুম্বই এবং অভ্যল-চেন্নাই বিমান পরিষেবা। অভ্যল থেকে দিল্লি এয়ার ইন্ডিয়ার বিমান পরিষেবা চালু হয়েছে দীর্ঘদিন আগেই। কিন্তু অভ্যল থেকে হায়দরাবাদ ও অভ্যল-চেন্নাই বিমান পরিষেবা চালু করার দাবি এই অঞ্চলের মানুষ বহুদিন ধরে জানিয়ে আসছিলেন। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে এমন দাবি জানিয়েছিলেন দুর্গাপুর ও আসানসোল বণিকসভার পক্ষ থেকে। আগামী ১ ফেব্রুয়ারি থেকে অভ্যল - হায়দরাবাদ এই রুটে বিমান চলাচল শুরু হবার সংবাদ পেয়ে খুশি আসানসোল ও দুর্গাপুরের মানুষ। তবে অভ্যল থেকে হায়দরাবাদ এবং অভ্যল থেকে মুম্বই- চেন্নাই এইসব রুটে বিমান চলাচল শুরু হলে শুধুমাত্র আসানসোল ও দুর্গাপুরের মানুষ নয়, পার্শ্ববর্তী বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া জেলার মানুষ যেমন উপকৃত হবেন তেমনি উপকৃত হবেন পার্শ্ববর্তী রাজ্য ঝাড়খণ্ড ও বিহারের প্রচুর মানুষ। রাজ্যের রাজনৈতিক পালাবদলের পর অভ্যল এ দেশের প্রথম বেসরকারি উদ্যোগে কাজী নজরুল ইসলাম বিমানবন্দর চালু হয়। ২০০/ সাল থেকে এই বিমানবন্দরের কাজ চালু হয় কিন্তু ২০১১ পরে এই কাজে দ্রুততা আসে। প্রথমে অভ্যলে বিমানবন্দর থেকে পবনহংসের এয়ার ট্যাক্সি পরিষেবা চালু হয়। তারপর ছোট বিমান চালু হয় দিল্লির উদ্দেশ্যে। পরে এয়ার ইন্ডিয়ার বিমান চলাচল শুরু হয় কলকাতা থেকে অভ্যল এবং দিল্লি এই রুটে। কিন্তু বেশ কয়েক মাস চলার পর আশানুরূপ যাত্রী না পাওয়ার কারণে এয়ার ইন্ডিয়ার দিল্লি রুটে বিমান পরিষেবা

অভ্যল থেকে চেন্নাই রুটে বিমান চলাচল শুরু হোক। এয়ারপোর্ট ডাইরেক্টর অপরূপ শর্মা তিনি কিন্তু ফোনে আমাদেরকে সরাসরি জানান আগামী ১ ফেব্রুয়ারি থেকে এয়ার ইন্ডিয়ার বিমান হায়দরাবাদ থেকে অভ্যল এবং অভ্যল থেকে হায়দরাবাদ সপ্তাহে তিন দিন যাতায়াত করবে। রাত্রি ১১:১৫ মিনিটে অভ্যলে হায়দরাবাদ থেকে এসে পৌঁছবে এই যাত্রীবাহী বিমান। আবার রাত্রি ২:১৫ মিনিটে অভ্যল থেকে হায়দরাবাদ-এর উদ্দেশ্যে উড়ে যাবে ওই যাত্রীবাহী বিমান। বুধবার, শুক্রবার এবং রবিবার এই রুটে বিমান চলাচল করবে। তবে অভ্যল থেকে চেন্নাই এবং অভ্যল থেকে মুম্বই এই রুটে বিমান চলাচলের এখনও অফিসিয়াল ঘোষণা করা হয়নি। তাই এ ব্যাপারে আমরা কিছু বলতে পারব না। রাজ্যের মুখ্যমন্ত্রী থেকে শুরু করে এই অঞ্চলের বণিকসভাগুলি অভ্যল বিমান নগরীকে কেন্দ্র করে এই এলাকাগুলির অর্থনৈতিক সমৃদ্ধির কথা বলেছিলেন। অভ্যল বিমান নগরী যত জনপ্রিয় হবে ততটাই সমৃদ্ধ হবে আসানসোল ও দুর্গাপুর এই দুই মহাকুমা তা আর বলার অপেক্ষা রাখে না। তাই অভ্যল থেকে হায়দরাবাদ এবং তার পরে মুম্বই এবং অভ্যল থেকে চেন্নাই এইসব রুটে বিমান চলাচল চালু হলে এই এলাকার গুরুত্ব যে আরও বাড়বে তা বলাবাহুল্য। অভ্যলের কাজী নজরুল ইসলাম বিমানবন্দর এবার রাতে বিমান অবতরণের জন্য সম্পূর্ণভাবে যে তৈরি তা জানিয়েছেন বিমান নগরী কর্তৃপক্ষ। যে কোনো বিমানবন্দরের সার্বিক উন্নয়নের ক্ষেত্রে নাইট ল্যান্ডিং একটি বড় সাফল্য। সেই দিক থেকে বিচার করলে দক্ষিণবঙ্গের অভ্যল বিমানবন্দরকে সামনে রেখে এক নতুন স্বপ্নে বিভোর শিল্পাঞ্চলের আম জনতা।